

নিরাপদ, নিয়মিত, সুশৃংখল ও দায়িত্বশীল অভিবাসনের বার্তা তৃণমূলের জনগণকে পৌঁছে দিতে সমন্বিত প্রচারের উদ্যোগ আবশ্যিক

-----রৌনক জাহান

ঢাকা- ০৫ ফেব্রুয়ারি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান বলেন, নিরাপদ, নিয়মিত, সুশৃংখল ও দায়িত্বশীল অভিবাসনের বার্তা জনগণকে পৌঁছে দিতে সমন্বিত প্রচারের উদ্যোগ আবশ্যিক। তিনি বলেন, সচেতনতার অভাবেই অনেক সময় অভিবাসনের ক্ষেত্রে নানা প্রতারণার ঘটনা ঘটে থাকে। তিনি আরোও বলেন, সঠিক প্রচারণার মাধ্যমে জনগণকে টেকসই উন্নয়নে নিরাপদ অভিবাসনের বার্তা জানাতে হবে।

আজ বিকাল ০৩.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত শ্রম অভিবাসনের সাথে সম্পৃক্ত আন্তর্জাতিক সংস্থা, দেশীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের সভায় তিনি একথা বলেন।

ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহানের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, নাসরীন জাহান, ড. মোজাফ্ফর আহমেদ, মোঃ যাহিদ হোসেন, আইওএম, আইএলও, রামরু, ব্রাক মাইগ্রেশন, মানুষের জন্য ফাউন্ডেশন এর প্রতিনিধিবৃন্দ।

